

যাস না ছেড়ে লিরিক্স:-

ভুল শুধু কি আমারই ছিল
বলে দে তুই আমাকে,
কি করে তোকে ফিরে পাবো আবার
বলে দে তুই আমাকে। (x2)

অকারণে এভাবে
কেন ছেড়ে গেলি তুই আমায়,
চোখের জলে যন্ত্রনায়
লাগে নিজেকে খুব অসহায়।

দিয়েছি তোকে সব চাওয়ার চেয়ে বেশি
তাই কাঁদালি আমাকে,
আমি যে তোকে কত ভালোবাসি
তাও কাঁদালি আমাকে।

আল্লাহ রে, মওলা যাসনা রে যাস না ছেড়ে
মওলা রে, আল্লাহ যাসনা এতটা দূরে।

অভিমানের সুরেতে, ব্যথা জুড়ে বুকেতে
পড়েছি এ কোন দোটারায় ..
ও.. অবহেলার আঘাতে, কেঁদেছি তোর কথাতে
তবু বাঁচে মন কোন আশায় ..

হওয়ার ছিল কত কি
কি হলো মনে প্রশ্ন হাজার,
সবই কি শেষ তোর আমার
আছে আজও কিছু কি বলার।

দিয়েছি তোকে সব চাওয়ার চেয়ে বেশি
তাই কাঁদালি আমাকে,
আমি যে তোকে কত ভালোবাসি
তাও কাঁদালি আমাকে।

তোর দেশেতে সব ভুলে রোজ
থাকতে ভালো লাগে রে,
তোর কথাতে তোর বেথ্যাতে
মনটা মরেই গেছে।

ইচ্ছে হলেও তোকে ছেঁয়া এতটা কঠিন
মন যে বোঝেনা আর পাবেনা তোকে কোনোদিন।

আল্লাহ রে, মওলা যাসনা রে যাসনা ছেড়ে
মওলা রে, আল্লাহ যাসনা এতটা দূরে। (x2)